আলমডাঙ্গা রেলস্টেশনে নিরাপত্তা জোরদারে বসছে সিসিটিভি ক্যামেরা

আলমডাঙ্গা রেলওয়ে স্টেশনে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে সিসিটিভি ক্যামেরা স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে।

এ লক্ষ্যে বাংলাদেশ রেলওয়ে, পাকশী বিভাগের বিভাগীয় রেল ব্যবস্থাপকের (ডিআরএম) কাছে আনুষ্ঠানিকভাবে আবেদন করা হয়েছে।

আবেদনটি ইতোমধ্যে সংশ্লিষ্ট শাখায় পাঠিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়েছে।

গত ৪ জুন ২০২৬ তারিখে দাখিল করা আবেদনপত্রে উল্লেখ করা হয়, আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন প্রতিদিন বিপুল সংখ্যক যাত্রীর যাতায়াতের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র।

কিন্তু রাতের বেলায় পর্যাপ্ত আলোর অভাব এবং নজরদারির সীমাবদ্ধতার কারণে স্টেশনটি নিরাপত্তা ঝুঁকিতে থাকে। এছাড়া স্টেশনের বিভিন্ন স্থানে মাদকসেবীদের আনাগোনা বেড়ে যাওয়ায় যাত্রীদের নিরাপত্তা ও স্বাভাবিক পরিবেশ ব্যাহত হচ্ছে।

এ অবস্থায় স্থানীয় সচেতন মহল ও সাধারণ যাত্রীদের দাবির পরিপ্রেক্ষিতে বিশিষ্ট সমাজসেবক ও ব্যবসায়ী এবং আলমডাঙ্গা পৌরসভার বিএনপি থেকে মেয়র পদে মনোনয়নপ্রত্যাশী হাসিবুল হক লিপু ব্যক্তিগত উদ্যোগে স্টেশনে একটি ডিজিটাল ডিসপ্লে, প্রয়োজনীয় বৈদ্যুতিক বাতি এবং সিসিটিভি ক্যামেরা স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন।

আবেদনপত্রে তিনি উল্লেখ করেন, ক্যামেরা স্থাপনের জন্য প্রয়োজনীয় সব ব্যয় তিনি নিজেই বহন করবেন। তবে ক্যামেরার নিয়ন্ত্রণ, পরিচালনা, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা সম্পূর্ণভাবে রেলওয়ে কর্তৃপক্ষের অধীনেই থাকবে।

আবেদনটি পর্যালোচনা করে সংশ্লিষ্ট কর্মকর্তা (ডিএসটিই) গত ১৪ জুন ২০২৬ তারিখে নোটশিটে বিষয়টি সংশ্লিষ্ট শাখায় প্রেরণের নির্দেশ দেন।

এছাড়া এটিসিই/পিএক্সই শাখার মন্তব্যে বলা হয়েছে, সিসিটিভি ক্যামেরার নিয়ন্ত্রণ ও পরিচালনা অবশ্যই বাংলাদেশ রেলওয়ের অধীনেই থাকতে হবে এবং স্থাপনের সময় রেলওয়ের নির্ধারিত মান (কোয়ালিটি) নিশ্চিত করতে হবে।

স্থানীয়রা আশা করছেন, দ্রুত অনুমোদন ও বাস্তবায়নের মাধ্যমে আলমডাঙ্গা রেলওয়ে স্টেশনের নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার হবে। এতে যাত্রীরা নিরাপদ ও স্বস্তিদায়ক পরিবেশে সেবা গ্রহণ করতে পারবেন।

আলমডাঙ্গা রেলস্টেশনে নিরাপত্তা জোরদারে সিসিটিভি ক্যামেরা স্থাপনের উদ্যোগ নেওয়ায় হাসিবুল হক লিপুকে সাধুবাদ জানিয়েছেন।

ঝিনাইদহের হাটগোপালপুর বাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন

ঝিনাইদহের গুরুত্বপুর্ণ ব্যবসায়ী এলাকা হাটগোপালপুর বাজারের নিরাপত্তা জোরদারে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যায় এ ক্যামেরা স্থাপনের উদ্বোধন করেন পুলিশ সুপার আজিম উল আহসান।

উদ্বোধন উপলক্ষে হাটগোপালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে আলোচনা সভার আয়োজন করা হয়। সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীন উদ্দিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান। সেসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ইমরান জাকারিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অবস) মহিদুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, বিশিষ্ট ব্যবসায়ী তপন কুমার কুন্ডু, ওসি তদন্ত আকতারুজ্জামান লিটন, ওসি অপারেশন সুজন কুমার মন্ডল, হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আহসানুর রহমান সহ অনেকেই। আয়োজকরা জানায়, সদর উপজেলার হাটগোপালপুরে অন্তত অর্ধশত চালকলসহ ৫ শত

ব্যবসায় প্রতিষ্ঠান রয়েছে। ওই এলাকার নিরাপত্তা জোরদার করতে জেলা পুলিশের পক্ষ থেকে ১৮ টি পয়েন্টে ৩২ টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে।

বাজারের পাশে অবস্থিত হাটগোপালপুর পুলিশ ক্যাম্প থেকে ক্যামেরাগুলো মনিটরিং করা হবে। এতে এলাকার ব্যবসায়ীরা নির্বিঘ্নে ব্যবসায় করতে পারবে বলে জানানো হয় পুলিশের পক্ষ থেকে।